গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

নথি নং- ৭(৭)মূসক নীতি ও বাজেট/২০০৯ / ৫২৮ (১০)                                                    তারিখ: ২৬/০৮/২০১২খ্রি.

বিষয়: ব্যাংকিং সেবাখাত কর্তৃক রপ্তানীকারক এবং অন্যান্য গ্রাহককে প্রদত্ত সেবা বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জের উপর মূসক আদায় সম্পর্কিত দিক - নির্দেশনা।

সূত্র: ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৭(৭) মূসক নীতি ও বাজেট/২০০৯/৪৬৭/, তারিখ: ১৪/০৬/২০১২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রজ্ঞাপন এস আর ও নং-১৭৫-আইন/২০১০/৫৯৮ মূসক তারিখ -৯ জুন ২০১১ অনুযায়ী সেবার কোড SO ৫৬.০০ এর বিপরীতে "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" শীর্ষক সেবার ব্যাখ্যা ছিল নিম্নরূপ -"ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ "কোন রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ২এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যাহারা কমিশন ফি, বা বাজেট বিনিময়ে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা যথা: ঋণপত্র, ব্যাংক গ্যারান্টি, ডিমান্ড ড্রাফট, পেঅর্ডার, টিটি, এমটি, কমিটমেন্ট, হ্যান্ডলিং, যে কোন প্রকারের হিসাব খোলা ও নবায়ন এবং আবেদনপত্র প্রক্রিয়াকরণ সহ অন্যান্য সকল সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয় বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে ।"

একইসাথে প্রজ্ঞাপন এস আর ও নং- ১৪৯- আইন/৯৯/২২৮ মূসক তাং- ১০জুন, ১৯৯৩ অনুযায়ী ঋণপত্র সেবা প্রদানকারী কর্তৃক কেবলমাত্র রপ্তানী পর্যায়ে মাষ্টার এলসি এর বিপরীতে প্রতিষ্ঠিত ব্যাক টু ব্যাক এলসি , লোকাল ব্যাক টু ব্যাক এলসি এবং ক্যাশ এলসি সহ রপ্তানী সংশ্লিষ্ট অন্যান্য এলসি এর কমিশন ফি বা চার্জের উপর আরোপণীয় মূসক অব্যাহতি প্রাপ্ত ছিল। উক্ত ব্যাখ্যা ও প্রজ্ঞাপনের আলোকেই সূত্রোক্ত ১৪/০৬/২০১২ তারিখের পত্রটি জারী হয়েছে। ২০১২-১৩ অর্থবছরের বাজেটে ব্যাংকিং সেবার পরিধি ও ব্যাখ্যা পরিবর্তন করা হয়েছে এবং সংশ্লিষ্ট অব্যাহতির ক্ষেত্র ও সংশোধন করা হয়েছে। ফলে ৩০ জুন ২০১২ এর পরবর্তী সময়ে ব্যাংকিং সেবা খাতের মূসক আহরনে সূত্রোক্ত পত্রটি অনুসরন করা আইনানুগ হবে না ।

২। ২০১২-১৩ অর্থবছরের বাজেটে প্রজ্ঞাপন এস আর ও নং- ১৮১-আইন/২০১২/৬৩৯- মূসক তারিখ- ৭জুন, ২০১২ এর মাধ্যমে ব্যাংকিং সেবার সংজ্ঞা দেয়া হয়েছে নিম্নরূপ-"ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" অর্থ "কোন রাষ্ট্রায়ত্ত, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ধারা ২এর দফা (খ) তে সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যাহারা কমিশন ফি, বা চার্জের বিনিময়ে ব্যাংকিং বা নন ব্যাংকিং সেবা (স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয় বিক্রয় সংক্রান্ত সেবা ব্যতীত) প্রদান করিয়া থাকে"।

একই সাথে প্রজ্ঞাপন- এস আর ও নং -১৮৮-আইন/২০১২/৬৪৬ মূসক তারিখ -৭জুন, ২০১২ এর মাধ্যমে "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" কর্তৃক রপ্তানী ও রপ্তানী সংশ্লিষ্ট সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত কমিশন, ফি বা চার্জ এর উপর আরোপণীয় সমুদয় মূসক অব্যাহতি প্রদান করা হয়েছে ।

০৩। বর্ণিত পরিস্থিতিতে-

(ক) জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং ৬/মূসক/২০১২, তারিখ ৭ জুন ২০১২ এর মাধ্যমে সেবার কোড SO ৫৬.০০ এর "ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী" শীর্ষক সেবার ক্ষেত্রে মূল্য ঘোষণা প্রদানের বিধান করার পরিপ্রেক্ষিতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর প্রদত্ত মূসকযোগ্য সেবাসমূহের নাম, বিবরন ও একক সেবা মূল্য ঘোষণাপত্র অবিলম্বে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

(খ) ২০১২-২০১৩ অর্থবছরের বাজেট পেশকালে জারীকৃত প্রজ্ঞাপন ২টির (প্রজ্ঞাপন এসআরও নং- ১৮১-আইন/২০১২/৬৩৯ মূসক, তাং ৭ জুন ২০১২ এবং প্রজ্ঞাপন এসআরও নং ১৮৮-আইন/২০১২/৬৪৬-মূসক, ৭ জুন ২০১২) আলোকে কর নিরূপন ও আদায় এবং ১ জুলাই, ২০১২ তারিখ হতে তা কার্যকর করণের জন্য সকল ব্যাংক কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

০৪। এতদ্বিষয়ে আপনার গৃহীত কার্যক্রমের ফিরিস্তি আগামী ৭ দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬/৮/১২
[মো: শওকাত হোসেন]
প্রথম সচিব (মূসক নীতি )

প্রাপক:

কমিশনার
বৃহৎ করদাতা ইউনিট- মূল্য সংযোজন কর
দ্বিতীয় ১২ তলা সরকারি অফিস ভবন(৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো:

০১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/রংপুর/যশোর/কুমিল্লা।
০২। মহাপরিচালক, মূসক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক(বৈদেশিক মুদ্রানীতি বিভাগ), বাংলাদেশ ব্যাংক ঢাকা।